উপজেলা পরিষদ কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

<u>লামা উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী</u>

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা জামাল<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>লামা, বান্দরবান পার্বত্য জেলা। |
| তারিখ | : | ২৬ ফেব্রুয়ারী ২০২৩ (রবিবার) |
| সময় | : | সকাল- ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| উপস্থিতি | : | উপস্থিতি রেজিস্টারে লিপিবদ্ধ। |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। উপজেলার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | <u>বিভাগীয় কর্মকর্তাগণের উপস্থিতি প্রসঙ্গে :</u><br>উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর অনুযায়ী উপজেলা পরিষদে ১৭টি দপ্তরকে উপজেলা পরিষদে ন্যস্ত করা হয়। অধিকন্তু দেখা যায়, মাসিক সভার দিন অনেক কর্মকর্তা অনুপস্থিত থাকেন এবং প্রতিনিধি প্রেরণ করেন। এক্ষেত্রে সভায় সেই বিভাগের কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত নিতে অসুবিধা হয়। প্রত্যেক সভায় বিভাগীয় প্রধানগণ উপস্থিত থাকার জন সভাপতি সকল সদস্যকে অনুরোধ করেন। | ক) বিভাগীয় কর্মকর্তাদের সরকারি বিভিন্ন দিবস ও উপজেলা পরিষদের সভা সমূহে উপস্থিত থাকতে হবে।<br>খ) অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় কর্মকর্তাগণ উপজেলা পরিষদের সভায় উপস্থিত থাকতে হবে।<br>গ) পর পর কয়েকটি সভায় কর্মকর্তা অনুপস্থিত থাকলে তাঁদের অনুপস্থিতির ব্যাখ্যা চাওয়া যাইতে পারে। | ১। উপজেলা পরিষদ সদস্য (সকল)<br>২। বিভাগীয় কর্মকর্তা (সকল) |
| ২। | <u>বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে আলোচনা :</u><br>ক) সকল বিভাগীয়/দপ্তর প্রধানদের সরকার কর্তৃক জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে উপজেলা পরিষদের সাধারণ সভায় আলোচনা করার আহবান জানান।<br>গ) নতুন পরিপত্র/সাকুলার থাকলেও বিভাগীয় প্রধানগণ সভায় আলোচনা করেন না। এ বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | ক) মন্ত্রণালয় / বিভাগ / অধিদপ্তর হতে জারীকৃত পরিপত্র/সাকুলার/চিঠিপত্রের বিষয়ে আলোচনা থাকলে তা পরিষদের সভা অনুষ্ঠিত হওয়ার ০১ সপ্তাহ পূর্বে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে।<br>খ) পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়ে সকল কাগজপত্র ও নথি, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নিকট অনুমোদনের জন্য পেশ করতে হবে।<br>গ) বিভাগীয় প্রধানগণ মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | বিভাগীয় প্রধান (সকল) |
| ৩। | <u>**মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ /পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা :**</u><br>ফেব্রুয়ারী/২০২৩ইং মাসে মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ থাকলে তা আলোচনা করার আহবান জানান। | চলতি মাসে মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ মোতাবেক ব্রীজ, কালভার্ট, সেতু ও অন্যান্য উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

ফেব্রুয়ারী/২০২৩ মাসে নিম্নোক্ত কার্যালয়সমূহে উপস্থিত ও অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ-

| | |
|---|---|
| ১। উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি<br>৪। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ<br>৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)<br>৮। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি<br>৯। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>১২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>১৩। রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ<br>১৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>১৫। পল্লী সঞ্চয় ব্যাংক<br><br>অনুপস্থিত :<br>১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>৩। উপজেলা সমবায় কর্মকর্তা |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪। | **বিভিন্ন উপজেলা কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা :**<br>উপজেলা পরিষদকে অধিকতর কার্যকর করার নিমিত্ত উপজেলা পরিষদের ১৭টি উপজেলা কমিটির সভা করার সিদ্ধান্ত রয়েছে। সভাপতি ও সদস্য সচিব দুজনের যৌথ সমন্বয়ে স্থায়ী কমিটির সভা আহবান পূর্বক সম্পন্ন করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে কার্যবিবরণীসহ প্রেরণ করার অনুরোধ করেন।<br><br>সভাপতি বলেন, উপজেলা কমিটি/স্থায়ী কমিটির সভা আহবানের পূর্বে সভার দিন, তারিখ, ভেন্যু ও সময় নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে পত্র করতে হবে। | ক) স্থায়ী কমিটির সভা আহবান পূর্বক স্থায়ী কমিটির গৃহীত যেসব সিদ্ধান্ত উপজেলা পরিষদের মতামতের প্রয়োজন সেসব বিষয় উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যপত্রে উপস্থাপন করতে হবে।<br>খ) সভাপতির সিদ্ধান্ত মোতাবেক স্থায়ী কমিটির সভা করে কার্যবিবরণীসহ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>গ) যে-সকল স্থায়ী কমিটির সভা সম্পন্ন হবে সেসব কমিটির সভাসমূহ ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | ১। সভাপতি উপজেলা পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি<br><br>২। সদস্য সচিব উপজেলা পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি |
| ৫। | **পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা:**<br>ব্যবস্থাপক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক এর মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে।<br>**চলতি মাসে অর্জন হয়েছে-**<br>মোট সমিতি- ২৩৯টি, উপকারভোগী- ১১৪৬৯<br>চলতি মাসে সঞ্চয় আদায়- ১.৮৪ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ৬৩০.৬১ লক্ষ<br>চলতি মাসে ঋণ আদায়- ৫৫.৮৮ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত- ২৮৯০.৮৫<br>চলতি মাসে ঋণ বিতরন- ৩৯.৯৫ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত- ৪৫৬২.৮০<br>মোট তহবিলের পরিমাণ- ২১৯৭.২৫ লক্ষ টাকা<br>পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমের লামা উপজেলায় কার্যক্রম সন্তোষজনক।<br>ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক বলেন, লামা উপজেলায় অনেক খেলাপী ঋণ আছে। তবে, খেলাপীদের তাদের অনেক তাগিদ দেয়ার পরও তারা ঋণ ফেরৎ দিচ্ছেন না। | ক) প্রতিটি সূচকে লক্ষমাত্রা অর্জনে অগ্রগতি বাড়াতে হতে হবে এবং উপজেলা পরিষদে অগ্রগতি প্রতিবেদন জমা দিতে হবে।<br>খ) ইউনিয়ন ভিত্তিক সমিতি সমূহের একটি হালনাগাদ তালিকা উপজেলা পরিষদে জমা দিবেন।<br>গ) ঋণ বিতরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের মতামত/পরামর্শ গ্রহণ করতে হবে।<br>ঘ) একটি বাড়ি একটি খামার প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>ঙ) খেলাপীদের একটি বারবার নোটিশ দিতে হবে এবং তাদের একটি তালিকা উপজেলা পরিষদ বরাবরে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬। | **খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে।<br>ক) তিনি আরো জানান, খাদ্য গুদামের নিম্নোক্ত খাদ্যশস্য মজুদ আছে।<br>১) চাউল-২০৬৯.৬৪০ মে: টন<br>২) গম ৯০.৭৫১ মে: টন।<br><br>নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ :<br>বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত টিসিবি পন্য খাদ্য গুদামে মজুদ ও সরবরাহ দেয়ার ব্যাপারে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আরো যত্নবান হবে হবে। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) চাল বোরো/ধান সংগ্রহ অত্র উপজেলায় অব্যাহত রাখতে হবে।<br>গ) খাদ্য গুদামে মজুদের বিবরণী উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>ঘ) খাদ্য গুদাম থেকে চাল ছাড় করার প্রাক্কালে বস্তার সঠিক পরিমাণ ঠিক রাখতে হবে।<br>ঙ) টিসিবি পন্য খাদ্য গুদামে মজুদ ও সরবরাহ দেয়ার ব্যাপারে খাদ্য নিয়ন্ত্রককে আরো যত্নবান হতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>৭.</td><td><u>ন্যস্ত বিভাগ সমূহের আলোচনা :</u></td><td></td><td></td></tr>
<tr><td>৭.১</td><td><u>উপজেলা এলজিইডি (LGED) বিভাগ :</u><br>ক) উপজেলা প্রকৌশলী জানান, সারাদেশে পুকুর, খাল খনন প্রকল্পের আওতায় ১। লামা উপজেলা পরিষদের পুকুর, ২। উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন সংলগ্ন পুকুর ও ৩। লামা থানা ক্যাম্পাসের পুকুর পুনঃখনন ও ঘাটলা নির্মাণ কাজ ঠিকাদার কর্তৃক কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন পুকুরের কাজ বাস্তবায়ন কালে দেখা যায়, উক্ত পুকুরের পশ্চিম পাড় ও উত্তর পাড়ে স্থাপনার ক্ষতি সাধিত হয়। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার উক্ত কাজ বন্ধ রাখার জন্য নির্দেশ প্রদান করেন। সেই মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন সংলগ্ন পুকুরের কাজ বাস্তবায়ন করা হয় নাই। অন্য ২টি পুকুরের কাজ প্রায় সমাপ্ত করা হয়েছে।<br>সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বলেন যে, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন ও হলরুম, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মিত হয়েছে। পরিষদের পুকুর খনন ও ঘাটলা নির্মিত হয়েছে, পরিষদের পুকুর খনন ও ঘাটলা নির্মিত হয়েছে তাই উপজেলা পরিষদকে দৃষ্টিনন্দন করা প্রয়োজন। উপজেলা পরিষদের পুকুরের চারপার্শ্বে সৌন্দর্যবন্ধন ও কমপ্লেক্স এ বসবাসকারীদের বিনোদনের জন্য ওয়াকওয়ে নির্মাণ করার প্রস্তাব করেন। যেহেতু উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন সংলগ্ন পুকুরের কাজ বাস্তবায়ন করা হয় নাই, তাই উক্ত পুকুরের সাশ্রয়কৃত অর্থ দ্বারা কাজগুলো বাস্তবায়ন করা যেতে পারে।</td><td>ক) উপজেলা পরিষদের পুকুরের চারপার্শ্বে সৌন্দর্যবন্ধন ও কমপ্লেক্স এ বসবাসকারীদের বিনোদনের জন্য ওয়াকওয়ে নির্মাণ করার প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে।</td><td>ক) উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td rowspan="3"></td><td rowspan="3">ঘ) <u>উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন ভাঙ্গার প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে :</u><br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-স্থাসবি/উপ-২/পি-১/২০০৯/৫৭৭ তারিখ : ২৩/০৮/২০০৯ইং মূলে লামা উপজেলা পরিষদের সেমিপাকা আবাসিক ভবনসমূহ (উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ) পরিত্যক্ত ঘোষনা করা হয়। তদ্‌প্রেক্ষিতে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ভাঙ্গার প্রাক্কলন সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। উক্ত ভবনটি ভাঙ্গার প্রশাসনিক অনুমোদনের জন্য জেলাপ্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের অনুরোধ করা হয়।</td><td>উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন ভাঙ্গার প্রাক্কলন উপস্থাপন করা হয়; যা নিম্নরূপ,</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td colspan="2"><table>
<tr><th>নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>প্রাক্কলিত মূল্য</td><td>৭,৫৫,৬০৭</td></tr>
<tr><td>২</td><td>ভাঙ্গার মূল্য</td><td>(-) ৪,০৭,৫২৩</td></tr>
<tr><td>৩</td><td>নীট প্রাক্কলিত মূল্য</td><td>৩,৪৮,০৮৪</td></tr>
</table></td></tr>
<tr><td colspan="2">উক্ত প্রাক্কলনটি প্রশাসনিক অনুমোদনের জন্য জেলাপ্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
<tr><td>৭.২</td><td><u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস :</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের স্বাভাবিক আছে। তিনি জানান ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর, কাবিখা এবং ৪০ দিনের কর্মসূচী দ্রুততম সময়ে শেষ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন।<br>বিগত ২০২১-২০২২ অর্থ বছরে ৪০ দিনের কর্মসূচি দ্রুত শেষ করার অনুরোধ জানান।</td><td>ক) টিআর/কাবিখার কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) ২০২২-২০২৩ অর্থ বছরে কাবিখা, কাবিটা ও টিআর প্রকল্পের তালিকা দাখিল করতে হবে।<br>গ) ২৮দিনের কর্মসূচীর ইজিপিপি প্রকল্পের কাজের তালিকা দ্রুত জমা দিতে হবে।</td><td>১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।</td></tr>
<tr><td>৭.৩</td><td><u>উপজেলা স্বাস্থ্য বিভাগ :</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি (আবাসিক মেডিকেল অফিসার) সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি জানান,<br><br>খ) তিনি আরো জানান, লামা স্বাস্থ্য কমপ্লেক্স এ জরুরি বিভাগ ও ওয়ার্ডে লো-ভোল্টেজ এর কারণে প্রয়োজনীয় যন্ত্রপাতি চালু হয় না। হাসপাতালের সুবিধার্থে সম্মুখস্থ একটি ট্রান্সফরমার স্থাপনের জন্য তিনি বিদ্যুৎ বিভাগকে অবহিত করেন।</td><td>ক) ডাক্তারদের সেবা প্রদানের বিষয়ে আন্তরিক হতে হবে।<br>খ) ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিকের সেবার মান বাড়াতে হবে।<br>গ) প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে একজন ডাক্তারকে লামা উপজেলার ০৭টি ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সপ্তাহের যে-কোন ০৩দিন স্বাস্থ্যসেবা প্রদান করতে হবে।<br>ঘ) উপজেলা ও তদনিম্ন পর্যায়ে</td><td>১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br><br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>জুনিয়র কনসালটেন্ট<br><br>৩। মেডিকেল</td></tr>
</table>

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | গ) হাসপাতেল দু'টি এ্যাম্বুলেন্স রয়েছে। লোকবলের অভাবে উক্ত এ্যাম্বুলেন্স গুলো যথাসময়ে চালু রাখা যায় না রোগী নিয়ে উন্নত চিকিৎসার জন্য লামা বাইরে প্রেরণ করা যায় না।<br><br>জানুয়ারী/২০২৩ মাসের প্রতিবেদন পাওয়া যায়নি। | 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ' এর সরবরাহসহ অন্যান্য স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রমের বাৎসরিক পরিকল্পনা<br>ঙ) (অবস্থা বিশ্লেষণ, লক্ষ্যমাত্রা নির্ধারণ, কৌশল নির্ধারণ ও পদ্ধতি চিহ্নিতকরণ) প্রণয়নের সার্বিক দিক নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধান করবেন।<br>চ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক পর্যায়ে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজসহ অন্যান্য সেবাদান কার্যক্রমের পর্যালোচনা, পর্যানুসরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন।<br>উপজেলা ও তদনিম্ন পর্যায়ে স্বাস্থ্য (হাসপাতাল/ক্লিনিক সেবাসহ) সেবার যথাযথ মানের নিশ্চয়তা বিধানে (Quality Assuarance) গৃহীতব্য কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করবেন। | অফিসার (সকল) |
| ৭.৪ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে।<br>১) জানুয়ারী/২০২৩ মাসের প্রতিবেদন :<br>ক) মোট সক্ষম দম্পতি : ২০৪০৩ জন<br>খ) মোট গ্রহণকারী : ১৬৩৩২<br>গ) সিএআর : ৮০.৫৩%<br>ঘ) মোট গর্ভবতী : ৭৮৭<br>ঙ) এনএসভি : ১০৮৩<br>চ) পিএনসি : ১৪৯<br>ছ) ডেলিভারী : (সিজারিয়ান-১২) (বাড়িতে-১৫৩)<br>জ) খাবার বড়ি (নতুন) : ৬৮৩৮<br>ঝ) কনডম (নতুন) : ১২৭৭<br>ঞ) ইনজেকশন (নতুন) : ৩৮৬৪<br>ট) আইইউডি (নতুন) : ৩৫<br>ঠ) ইমপ্লান্ট : ১৩২৭<br>ড) সাধারণ রোগীর সেবা : ২৭৬৮<br>এমআইএস অধিদপ্তারাধীন মাঠ পর্যায়ের জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন তথ্য সংগ্রহ ও সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষণ, প্রতিবেদন প্রেরণ, প্রণয়ন কার্যক্রম ডিজিটিলাইজ করার লক্ষ্যে পঃ পঃ অধিদপ্তর এর অধীনে ডিজিটাইলাইজেশন কার্যক্রম চলছে। | ক) পরিবার পরিকল্পনা কার্যক্রমের ব্যবস্থাপনা, তত্ত্বাবধান এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন।<br>খ) মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিসেবা কার্যক্রম সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারনা বাড়াতে হবে।<br>গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও স্যাটেলাইট ক্লিনিক সমূহের মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি করবেন।<br>ঘ) রুপসীপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নিয়মিত চালু রাখতে হবে ও সেবা কার্যক্রম বাড়াতে হবে।<br>ঙ) প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) |
| ৭.৫ | **<u>উপজেলা সমাজসেবা বিভাগ :</u>**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। মৃত. ভাতাভোগীর নাম কর্তন করে নতুন ভাতাভোগীর নাম অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদের অধীনে কম্পিউটার প্রশিক্ষণ চালু আছে। জানুয়ারী হতে জুন/২০২৩ ব্যাচ এ কম্পিউটার প্রশিক্ষণ নিয়মিত চলছে।<br>বিভিন্ন ভাতা ভোগীদের অনলাইন ভিত্তিক ভাতা প্রদান অব্যাহত আছে। | ক) উপজেলা সমাজসেবা বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) পল্লী সমাজসেবা কার্যক্রমের অন্তর্ভূক্ত প্রকল্প গ্রামীণ জনগোষ্ঠীকে আর্থ সামাজিক উন্নয়নে সংগঠিত ও উদ্বুদ্ধ করবেন।<br>গ) প্রকল্পভূক্ত গ্রামের লক্ষিত জনগোষ্ঠীকে আয়বর্ধক কর্মসূচিতে অন্তর্ভুক্তকরণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করিবেন।<br>ঘ) আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋণ বিতরনের পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>ঙ) শহর সমাজসেবা কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা সমাজসেবা অফিসার<br>২। উপজেলা সমাজ কল্যাণ সংগঠক।<br>৩। ইউনিয়ন সমাজকর্মী (সকল) |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭.৬ | **উপজেলা কৃষি বিভাগ :**<br>ক) চলতি রবি মৌসুমে উফশী ১১৫৯ হেক্টর ও হাইব্রিড ১৫৪৩ হেক্টর, মোট- ২৭০২ হেক্টর বোরো, ৬০৬ হেক্টর শীতকালীন সবজি, ১২৩ হেক্টর সরিষা, ১৪১ হেক্টর ভূট্টা আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তার মধ্যে বোরো হাইব্রিড ১৫২২ হেক্টর ও উফশী ১১৩০ হেক্টর, মোট ২৬৫২ হেক্টর, শীতকালীন সবজি ৬০৮ হেক্টর, সরিষা ৭১ হেক্টর, ভূট্টা ১১৮ হেক্টর ও সূর্যমুখী ৫.৫ হেক্টর অর্জিত হয়েছে।<br>খ) সার সংক্রান্ত :<br>চলতি মাসে ১৩৬ মে.টন ইউরিয়া, ৪২ মে.টন টিএসপি, ২৩ মে.টন এমওপি এবং ৯৬ মে.টন ডিএপি সারের বরাদ্দ পাওয়া যায়। উত্তোলন অব্যাহত আছে।<br>গ) অদ্য পর্যন্ত ৬১.৭ মেঃ টন ইউরিয়া, ৬৮.৩৫ মেঃটন টিএসপি, ২৩.৫ মেঃ টন এমওপি এবং ৪৪.৮৫ মেঃটন ডিএপি সারের মজুদ রয়েছে।<br>ঘ) লামা উপজেলায় বোরো, শীতকালীন সবজি ও আগাম খরিপ-১ সবজি উৎপাদনের জন্য পর্যাপ্ত রাসায়নিক সারের মজুদ আছে। সারের কোন ঘাটতি নেই।<br>ঙ) বিগত বৎসরের তুলনায় উপজেলায় সরিষা আবাদ বৃদ্ধি পেয়েছে। সরিষা হতে সরিষার তেল সংগ্রহের জন্য সরকারী ভাবে ক্রসিং মেশিনের ব্যবস্থা করলে কৃষক উপকৃত হবে এবং ভবিষ্যতে সরিষার আবাদের কৃষকের আগ্রহ বাড়বে। এতে করে ভেজালমুক্ত সরিষার ভোজ্য তেলের উৎপাদন বৃদ্ধি পাবে।<br>চ) কৃষিঋণ গ্রহণের জন্য কৃষকেরা ব্যাংকে যোগাযোগ করতে পারবেন।<br>ছ) উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান, তামাক চাষের বিকল্প হিসেবে ইক্ষু চাষ করার বিষয়ে কৃষকদের অবহিত করতে হবে। | ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সাথে পরামর্শক্রমে কৃষি প্রণোদনার বন্টন এবং সুষ্ঠু বিতরণ নিশ্চিত করতে হবে।<br>খ) কৃষি বিভাগের প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে।<br>গ) উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সভা আহবান পূর্বক সারের বর্তমান পরিস্থিতি উল্লেখপূর্বক উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>ঘ) তামাক চাষের বিকল্প হিসেবে ইক্ষু চাষ করার বিষয়ে কৃষকদের অবহিত করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা<br>২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা। |
| ৭.৭ | **বন বিভাগ (সদর রেঞ্জ কর্মকর্তা) :**<br>সদর রেঞ্জ কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি জানান, লামা সদর রেঞ্জে ১৪টি করাত কল রয়েছে তৎমধ্যে লাইসেন্সবিহীত ০৫টি করাত কল রয়েছে। | ক) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে নিয়মিত উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>খ) অবৈধ করাত কল বন্ধে প্রশাসনের সহযোগিতায় টাস্কফোর্স গঠন করে অভিযান পরিচালনা করতে হবে এবং অবৈধ করাতকলের হালনাগাদ একটি তালিকা উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। | রেঞ্জ কর্মকর্তা |
| ৭.৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সপ্তাহে ১দিন হলেও কর্মস্থলে উপস্থিত থাকতে হবে।<br>যে সমস্ত বিদ্যালয়ে বই বিতরণ হয়নি সেসব বিদ্যালয়ে বই বিতরণের ব্যবস্থা নিতে হবে। | ক) স্কুল পর্যায়ে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>খ) শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) কর্তৃক নির্দেশিত সার্কুলার/পরিপত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখতে হবে।<br>গ) নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা করতে হবে।<br>ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সপ্তাহে ১দিন হলেও কর্মস্থলে উপস্থিত থাকবেন। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। প্রধান শিক্ষক (সকল) |
| ৭.৯ | **উপজেলা শিক্ষা অফিস :**<br>উপজেলা শিক্ষা অফিসার জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি জানান,<br>ক) অভিভাবকদের উদ্বুদ্ধকরণ সহ মা সমাবেশ, অভিভাবক সমাবেশ ও এসএমসি'র সভার সভা নিয়মিত করা হচ্ছে। | ক) বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের লেখাপড়ার মান অব্যাহত রাখতে হবে।<br>খ) পিইডিপি-৪ এর আওতায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সহযোগিতায় উন্নয়ন | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সহঃ উপজেলা শিক্ষা অফিসার |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান, কিছু কিছু বিদ্যালয়ে শিক্ষক অনুপস্থিত থাকেন। উক্ত বিদ্যালয়ে শিক্ষকের উপস্থিতি নিশ্চিত করে যথাযথ শ্রেণিকক্ষ পরিচালনার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। | কাজগুলো তদারকি ও কাজের গুনগত মান ঠিক রাখতে হবে।<br>গ) ৫-১১ বছর বয়সী সব শিশুকে কোভিড-১৯ টিকা প্রদান এর লক্ষ্যে জন্ম নিবন্ধন করতে হবে।<br>ঘ) মানসম্মত শিক্ষা, মাল্টিমিডিয়া ক্লাস রুম ও শ্রেণীকক্ষে নিয়মিত পাঠদান এর বিষয়ে ব্যবস্থা নিতে হবে।<br>ঙ) যে সমস্ত বিদ্যালয়ে বিষয়ভিত্তিক শ্রেণী শিক্ষক নেই সেসব বিদ্যালয়ে শিক্ষক পদায়নের ব্যবস্থা নিতে হবে।<br>চ) বিদ্যালয় সমূহে যথাসময়ে পাঠদানের লক্ষ্যে শিক্ষকগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ৩। প্রধান শিক্ষক (সকল) |
| ৭.১০ | উপজেলা মৎস্য বিভাগ :<br>উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। বাৎসরিক এপিএ অনুযায়ী মৎস্য বিভাগের নিয়মিত কার্যক্রম চলছে। | ক) উপজেলা মৎস্য বিভাগের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) ভবনের যাবতীয় কাগজপত্র সহ পুনরায় আবেদন করতে হবে।<br>গ) হ্যাচারি মালিক কর্তৃপক্ষকে পুনরায় পত্রের মাধ্যমে অবহিত করে প্রয়োজনীয় সাড়া না দিলে হ্যাচারি নিবন্ধন আইন-২০০৯ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নিতে হবে। | ১) নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>২) উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭.১১ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর :<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে।<br>১) হিমায়িত সিমেন দ্বারা কৃত্রিম প্রজনন- ২১৫টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে।<br>টিকা প্রদান :<br>ক) গবাদিপশু- ৪৬৫৮টি প্রাণিকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে।<br>খ) হাঁস-মুরগি চিকিৎসা সেবা প্রদান ৯৪৮০ হাঁস-মুরগিকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।<br>২) লামা পৌরসভার জবাইখানাতে ২২টি গরু জবাই হয়েছে। জবাইখানাতে যাতায়াতের রাস্তা দীর্ঘদিন ধরে ভাঙ্গা থাকাতে জবাই কার্যক্রম তদারকি ব্যাহত হচ্ছে। | ক) উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) ইউনিয়ন পর্যায়ে প্রাণি সম্পদ কার্যালয়ের সেবা প্রদান কার্যক্রম বাড়াতে হবে।<br>গ) প্রাণি সম্পদ বিভাগের সেবা প্রদানের মাসিক অগ্রগতি প্রতিবেদন উপজেলা পরিষদের প্রেরণ করতে হবে। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭.১২ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি আরো জানান, তিনি জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে অত্র উপজেলায় ইউনিয়নের জন্য ১৬০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে।<br>ক) মটর ও টাংকি- ৮০টি<br>খ) ৬নং হ্যান্ড পাম্প বিশিষ্ট- ৮০টি<br>যাহা ইউনিয়ন ওয়ারি বন্টন করে চলতি অর্থ বছর স্থাপন করা হবে। | ক) উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কাজ জনসেবায় নিশ্চিত করতে হবে।<br>খ) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে নিয়মিত অবহিত করতে হবে।<br>গ) পানির উৎস সমূহ সচল রাখতে পুরাতন ও অকেজো নলকূপ ও রিংওয়েলগুলো মেরামতরে ব্যবস্থা নিতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ৭.১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অনুপস্থিতের কারণে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।<br>সভাপতি মহোদয় বলেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাঁহার দাপ্তরিক কাজের জন্য নিয়মিত অফিস করতে হবে। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সেবার মান আরো বাড়াতে হবে।<br>খ) দরিদ্র মা'র মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় নতুন ভাতাভোগী নির্বাচনের পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>গ) বেসরকারী এনজিও প্রতিনিধিকে পত্র প্রেরণ করার মাধ্যমে সমিতির সদস্যদের | মহিলা বিষয়ক কর্মকর্তা |

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>টাকা ফেরত প্রদানের ব্যাপারে জোরদার ভূমিকা রাখতে হবে।</td><td></td></tr>
<tr><td>৭.১৪</td><td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ :</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যুব উন্নয়ন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। জানুয়ারী/২০২৩ মাসে<br>ক) পরিবার ভিত্তিক মোট ঋণ তহবিল- ৮৪,৯৫,৪৬৫<br>খ) ক্রমপুঞ্জিত বিতরণ- ৫,১৬,২৪,০০০<br>গ) ক্রমপুঞ্জিত আদায়- ৫,১১,৭৫,০৪০<br>ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ৭,০২৯ জন<br>ঙ) আদায়ের হার-৯৯.৬৪%<br>চ) খেলাপী টাকার পরিমাণ- ১,৫১,৯২০<br>ছ) খেলাপী সদস্যা সংখ্যা- ৬৯ জন<br>জ) চলতি মাসে আদায়- ১,৪০,২৩০<br>ঝ) ফেব্রু/২২ মাসে আদায়- ১,১৭,৭৪০<br><u>আত্মকর্ম ঋণ:</u><br>ক) ঋণ তহবিল-২৫,৩৫,২০০<br>খ) ক্রমপুঞ্জিত বিতরণ-২,৪৯,৮০,০০০<br>গ) ক্রমপুঞ্জিত আদায়- ২,৩১,৯০,৩৭৯<br>ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ১০৯৯ জন<br>ঙ) আদায়ের হার- ৯৭.৩৯%<br>চ) চলতি মাসে আদায়- ৬৮,২৩০<br>ছ) চলতি আদায় হার- ১০০%<br>জ) খেলাপী সদস্য সংখ্যা ৭৪ জন।<br>ঝ) খেলাপী টাকার পরিমাণ- ১,৭৯,৯৯০<br><u>প্রশিক্ষণ কার্যক্রম (রাজস্ব) :</u><br>চলতি অর্থবছরে ৬০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>ক্রম- পুরুষ-২১২০ ও মহিলা-২৬৬৯ জন সহ সর্বমোট= ৪৭৮৯ জন।<br><u>জোড়দারকরণ প্রকল্প :</u><br>ক) চলতি অর্থবছরে বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>খ) ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা পুরুষ ৫৬৩জন ও মহিলা ১০৯৭ জন সহ সর্বমোট ১৬৬০জন।</td><td>ক) যুব উন্নয়ন বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br><br>খ) মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঋণ কার্যক্রমের তালিকা উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে।<br><br>গ) যুব উন্নয়ন এর প্রশিক্ষণ কার্যক্রম ও ঋণ বিতরনের পূর্বে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সাথে আলোচনাক্রমে কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>ঘ) সেলাই, কম্পিউটার এবং অন্যান্য প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br><br>ঙ) খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে কার্যক্রম তদারকি করতে হবে।<br><br>চ) প্রশিক্ষণ প্রদান কার্যক্রম কিংবা ঋণ বিতরনের পূর্বে উপজেলা পরিষদ এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অবহিত করতে হবে।<br><br>ছ) ইউনিয়ন ভিত্তিক যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরো গতিশীল করতে হবে।</td><td>১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br><br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>৭.১৫</td><td><u>উপজেলা সমবায় বিভাগ :</u><br>ক) উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত রয়েছেন।<br>২০২১-২০২২ইং সনের বার্ষিক অডিট ও পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব শতভাগ আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।</td><td>ক) সমবায় বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং সমবায় সমিতি সমূহের যাবতীয় হালনাগাদ তথ্যাদি সংরক্ষণ করতে হবে।<br>খ) লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা দিতে হবে।</td><td>১। উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td>৭.১৬</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নে জানুয়ারী/২০২৩ মাসের প্রতিবেদন উপস্থাপন করেন।
<table>
<tr><th>নং</th><th>বিবরণ</th><th>চলতি</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>সমিতি গঠন</td><td>নাই</td><td>১৪২টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>নাই</td><td>২৫৩৮ জন</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার আদায়</td><td>০.০২ লক্ষ</td><td>৫.০৭ লক্ষ</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় আদায়</td><td>০.৩০ লক্ষ</td><td>১৭.২০ লক্ষ</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>৭.০০ লক্ষ</td><td>৩১৬.০০ লক্ষ</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ আদায়</td><td>১.১৭ লক্ষ</td><td>২৫৭.৭৫ লক্ষ</td></tr>
</table>
ঙ) আদায়ের হার ৮৩%।</td><td>ক) খেলাপী ঋণ আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহতসহ ঋণ বিনিয়োগ বৃদ্ধিকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) স্থানীয় জনপ্রতিনিধিদের মতামত/পরামর্শ/সহযোগিতা নিয়ে প্রকল্প কার্যক্রম সম্প্রসারনের উদ্যোগ করতে হবে।<br>গ) ঋণ খেলাপীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সেবা আরো বৃদ্ধি করতে হবে।</td><td>১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
</table>

ক্রমশঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭.১৭ | **বিবিধ আলোচনা :**<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) ঃ<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, প্রকল্পের কার্যক্রম যথানিয়মে চলছে। উপজেলা পরিষদ এর ২০২২-২০২৩ অর্থ বছরে অনলাইনে মূল্যায়ন করার জন্য তথ্য আপলোড প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এমতাবস্থায়, বিভিন্ন তথ্য দিয়ে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ২০২২-২০২৩ অর্থ বছরে লামা উপজেলা পরিষদ অনলাইনে মূল্যায়নের তথ্য আপলোড করা হয়েছে। এখন ফলাফলের অপেক্ষায় রয়েছে। | সহকারী প্রোগ্রামার<br>ও<br>সিএ, ও<br>এবং ইউডিএফ। |
| ৬.১৮ | **কৃষি বিপণন বিভাগ, লামা :**<br>ক) উপজেলা পর্যায়ে বিভিন্ন বাজারের সকল ব্যবসায়ী সমিতির সদস্যদের নিয়ে সভা করে নৈতিক ও ধর্মীয় দৃষ্টিকোন থেকে ব্যবসা পরিচালনা করার জন্য উৎসাহিত করা যেতে পারে।<br>খ) নিত্য প্রয়োজনীয় পণ্য বিশেষ করে চাউল, ডাল, খেজুর, সয়াবিন তেল, চিনি পিয়াজ, ছোলা, দুধ, ডিম, ব্রয়লার মুরগি, মাছ ও সবজি ইত্যাদি সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে সরবরাহ স্বাভাবিক রাখার ব্যবস্থা গ্রহণ করার জন্য সবাইকে অনুরোধ করা যেতে পারে।<br>গ) কোন ব্যবসায়ী কোন ভাবেই যেন পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে জন্য সরকারী ও বেসরকারী সংস্থাগুলোর মনিটরিং কার্যক্রম আরও জোরদার করা যেতে পারে।<br>ঘ) টিসিবি'র মাধ্যমে রমজানের পূর্বেই রমজানের বহুল চাহিদা সম্পন্ন পণ্য পিঁয়াজ, তৈল, ছোলা, চিনি এবং ডালের আমদানী দ্রুত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এর কার্যক্রম আরো জোরদার এবং সম্প্রসারণ করা যেতে পারে।<br>ঙ) লামা উপজেলায় কোন আমদানীকারক না থাকায় সরবরাহ স্বাভাবিক রাখার জন্য ব্যবসায়ীদেরকে গ্রুপভিত্তিক আমদানীতে উৎসাহিত করা এবং প্রয়োজনীয় সহযোগিতা করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>চ) রমজান মাস এলেই বিশেষকরে কাঁচামরিচ, বেগুন ও শশা এই তিন প্রকারের সবজির চাহিদা বেড়ে যাওয়ার কারণে দামও অস্বাভাবিকভাবে বেড়ে যায়। এই অস্বাভাবিক মূল্য বৃদ্ধির পরিস্থিতি যাতে সৃষ্টি না হয় সেই জন্য সবজি ব্যবসায়ীদের পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা যেতে পারে। | ক) আসন্ন রমজান উপলক্ষ্যে দ্রব্যমূল্যের দাম সহনীয় পর্যায়ে রাখার জন্য বাজার ব্যবসায়ীদের নিয়ে বসতে হবে।<br>খ) কোন ব্যবসায়ী কোন ভাবেই যেন পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে জন্য বাজার মনিটরিং রাখতে হবে।<br>গ) টিসিবি'র মাধ্যমে রমজানের পূর্বেই রমজানের বহুল চাহিদা সম্পন্ন পণ্য পিঁয়াজ, তৈল, ছোলা, চিনি এবং ডালের আমদানী দ্রুত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এর কার্যক্রম আরো জোরদার এবং সম্প্রসারণ করতে হবে।<br>ঘ) দ্রব্যমূল্যের একটি তালিকা প্রত্যেক ব্যবসায়ীকে দোকানের সামনে দৃশ্যমান রাখতে হবে। | ক) বাজার অনুসন্ধানকারী<br>খ) লামা পৌরসভা কর্তৃপক্ষ।<br>গ) ব্যবসায়ী সমিতি (সকল) |
| ৬.১৯ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর ব্যয় প্রসঙ্গে :<br>ফেব্রুয়ারী/২০২৩ মাসের খরচ উপস্থাপন করা হলো-<br>১। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী (৪৫,০০০ X ১ মাস)<br>১ (ক) ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ---<br>( ভাইস চেয়ারম্যানদ্বয় ২৭০০০ X ২ জন) — ৯৯,০০০/-<br>২। পরিচ্ছন্নতা কর্মীর সম্মানী ১০০০০ X ১ — ১০,০০০/-<br>৩। আনুষাঙ্গিক ব্যয় ৫০০০ X ১ --- — ৫,০০০/-<br>৪। পত্রিকা, টেলিফোন ও ইন্টারনেট---- — ২,০০০/-<br>৫। বিদ্যুৎ বিল ও দিবসে ফুল ক্রয় — ৬,০০০/-<br>সর্বমোট = ১,২২,০০০/- | উপস্থাপিত খরচ সমূহ উপজেলা পরিষদে রাজস্ব তহবিলে স্থিতি থাকা সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশনা অনুযায়ী ব্যয় করতে হবে। | সিএ |

ক্রমশঃ

সভাপতি উল্লিখিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। লামা উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ডের ধারা অব্যাহত রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। কোন কর্মকর্তা ছুটিতে গেলে তার পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।

পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষনা করা হয়।

২৬/২/২৩

(মোঃ মোস্তফা জামাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
e-mail: upazilalama@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪২.০৩৫১.২০৫.০০৬.০০১০.২০২৩- ৯১

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২৯
২৬ ফেব্রুয়ারী ২০২৩

অনুলিপি, সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।
০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
০৭। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
০৮। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা।
০৯। চেয়ারম্যান............................. ইউনিয়ন পরিষদ (সকল) লামা, বান্দরবান পার্বত্য জেলা।
১০-৩৫। জনাব.......................................................................................................
৩৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি বিভাগ, লামা------ ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ।

২৬/০২/২০২৩

(মোঃ মোস্তফা জাবেদ কায়সার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
লামা উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা।